# মানব পাচারের শিকার ব্যক্তিদের সাহায্য পাওয়ার অধিকার আছে

**এই প্রচারপত্রে মানব পাচারের শিকার ব্যক্তিদের জন্য সাহায্য সম্পর্কে তথ্য দেওয়া হয়েছে ।**

**মানব পাচারের শিকার ব্যক্তিদের সহায়তা সংস্থা (সহায়তা সংস্থা ) একটি কর্তৃপক্ষ, যারা ফিনল্যান্ড-এ বসবাসকারী মানব পাচারের শিকার ব্যক্তিদের সাহায্য করে ।**

## কাদের সাহায্য দেওয়া হবে ?

আপনি এই সহায়তা সংস্থার গ্রাহক হতে পারেন , যদি

- আপনি মানব পাচারের শিকার হন এবং সেই কারণে আপনার সাহায্যের প্রয়োজন আছে
- মানব পাচারের শিকার ব্যক্তির সন্তান , যার সাহায্যের প্রয়োজন আছে
- মানব পাচার অপরাধের তদন্তের সাহায্যকারী , যার বিশেষ সাহায্যের প্রয়োজন আছে

সহায়তা সংস্থা বয়স , নাগরিকতা, যৌনতা এবং ধর্ম নির্বিশেষে সবাইকে সাহায্য করে। ফিনল্যান্ড -এর নাগরিকদেরও একই ভাবে সাহায্য করে।

আপনার যদি ফিনল্যান্ড -এ থাকার জন্য রেসিডেন্স পার্মিট না থাকে, তাহলেও আপনি সাহায্য পেতে পারেন।আপনি যদি নিজে কোন অপরাধে দোষী হয়ে থাকেন, তাহলেও আপনি সাহায্য পেতে পারেন।

## আপনি যদি মানব পাচার সম্বন্ধে পুলিশে ডায়েরি না করতে চান তাহলেও আপনি সাহায্য পেতে পারবেন

আপনি যদি মানব পাচারের অপরাধ সম্পর্কে পুলিশকে জানতে না চান তাহলেও আপনাকে সাহায্য করা হবে। সহায়তা সংস্থা আপনার সম্বন্ধে পুলিশকে জানাবে না ।যদি আপনি চান , সহায়তা সংস্থা আপনাকে পুলিশে ডায়েরি করতে সাহায্য করতে পারবে।

## সহায়তা সংস্থা থেকে কি ধরনের সাহায্য পাওয়া যাবে ?

সহায়তা সংস্থা সাহায্য করতে পারবে যখন আপনি এই সংস্থার গ্রাহক হবে।

**নিম্নলিখিত বিষয় সহায়তা সংস্থা সাহায্য করতে পারবে:**

- পরামর্শ এবং নির্দেশনা
- পুলিশে ডায়েরি করার সাহায্য, যদি আপনি ডায়েরি করতে চান
- অপরাধের সম্ভাব্য তদন্তের সময় সহায়তা এবং নিরাপত্তা
- আইনজীবী এবং কোন সহায়ক ব্যক্তির ব্যবস্থা, প্রয়োজন হলে
- স্বাস্থ্যসেবা
- সামাজিক পরিষেবা
- নিরাপদ বাসস্থানের ব্যবস্থা
- আর্থিক সাহায্য, যদি আপনার নিজস্ব আর্থিক অবস্থা খারাপ হয়
- দোভাষী এবং অনুবাদের ব্যবস্থা, যদি প্রয়োজন হয়

**বিদেশী নাগরিকদের জন্য:**

- যদি আপনি আইনত বসবাস করার অধিকার ছাড়া ফিনল্যান্ড-এ থাকেন, তাহলে সহায়তা সংস্থা আপনাকে
  বিবেচনা করার সময় দিতে পারবে।তার মানে হল আপনি ফিনল্যান্ড-এ ১-৬ মাস বৈধভাবে থাকতে পারবেন এবং সেই সময় আপনাকে ফিনল্যান্ড থেকে ডিপোর্ট করা যাবেনা ।
- যদি আপনি দেশে ফিরে যেতে চান, নিরাপদে দেশে ফেরার জন্য সাহায্য করবে।
- রেসিডেন্স পার্মিটের জন্য আবেদন করার বিষয় পরামর্শ এবং নির্দেশনা দেবে ।

আপনার সঙ্গে আলোচনা করে ঠিক করা হবে কি ধরনের সাহায্য আপনার প্রয়োজন ।

আপনাকে সাহায্য গ্রহণ করতে হবেনা, যদি আপনি না চান ।

## পরিষেবাগুলি এইভাবে সংগঠিত করা হয়

সহায়তা সংস্থা আপনাকে আপনার প্রয়োজনীয় পরিষেবাগুলি খুঁজে পেতে সাহায্য করবে

- **যদি ফিনল্যান্ড-এ আপনার আবাসিক শহর থাকে**

পরিষেবা পাবেন কল্যাণ অঞ্চল থেকে। সহায়তা সংস্থা এবং কল্যাণ অঞ্চল সহযোগিতা করে। সহায়তা সংস্থা থেকে আপনি বিভিন্ন নির্দেশনা এবং পরামর্শ পাবেন ।

- **যদি আপনি আশ্রয়প্রার্থী হন**

সেই ক্ষেত্রে আপনি অভ্যর্থনা কেন্দ্র থেকে সব পরিষেবা পাবেন। সহায়তা সংস্থা অভ্যর্থনা কেন্দ্রর সঙ্গে ঘনিষ্টভাবে সহযোগিতা করে আপনাকে সাহায্য করবে । সহায়তা সংস্থা থেকে আপনি বিভিন্ন নির্দেশনা এবং পরামর্শ পাবেন ।

- **যদি আপনার আবাসিক শহর না থাকে**

মানব পাচারের শিকার ব্যক্তিদের সহায়তা সংস্থা আপনার জন্য পরিষেবার ব্যবস্থা করবে।

## আপনি এইভাবে সহায়তা সংস্থার গ্রাহক হতে পারবেন

এই বিষয় সামাজিক কর্মী , পুলিশ অথবা গির্জার কর্মীরা আপনাকে নির্দেশ দিতে পারবে, যাতে আপনি সহায়তা সংস্থা থেকে সাহায্য পান । আপনার অনুমতি থাকলে তবেই আপনাকে সহায়তা সংস্থার বিষয় নির্দেশ দেওয়া হবে।অনুমতি দেওয়ার মানে হল আপনার ব্যক্তিগত তথ্য সহায়তা সংস্থায় জানানো যাবে।

সহায়তা সংস্থার জানতে হবে আপনার সঙ্গে কি ঘটনা ঘটেছে এবং আপনার কি ধরনের সাহায্যের প্রয়োজন।

যদি আরও বেশি তথ্যের প্রয়োজন হয়, তবে সহায়তা সংস্থা আপনাকে জিজ্ঞাসা করতে পারে অথবা অন্য কর্তৃপক্ষের কাছে জানতে চাইতে পারে।

এই তথ্যের উপর নির্ভর করে সহায়তা সংস্থার কর্মচারীরা মূল্যায়ন করবে আপনি মানব পাচারের শিকার হয়েছেন কিনা এবং সেই কারণে আপনার সাহায্যের প্রয়োজন আছে কিনা।

## আপনি নিজেও সংস্থার গ্রাহক হবার জন্য আবেদন করতে পারেন

আপনি নিজেও সহায়তা সংস্থার গ্রাহক হবার জন্য আবেদন করতে পারেন। আপনি সহায়তা সংস্থায় ফোন করে অথবা ই-মেইল পাঠিয়ে আপনার পরিস্থিতি সম্বন্ধে তাদের জানাতে পারেন।

আপনি মানব পাচারের শিকার কিনা সেই বিষয় আপনাকে নিশ্চিত হতে হবে না।

## আপনাকে সহায়তা সংস্থার সিদ্ধান্ত দেওয়া হবে

সহায়তা সংস্থা আপনাকে গ্রাহক হিসাবে গ্রহণ করবে কিনা সে বিষয়ে আপনি সর্বদা একটি লিখিত সিদ্ধান্ত পাবেন।

## আপনি পরিচয় না জানিয়ে যোগাযোগ করতে পারেন

যদি আপনি আপনার পরিচয় না জানাতে চান, তবে আপনার নাম বা ঠিকানা না জানিয়ে ও যোগাযোগ করতে পারবেন। সহায়তা সংস্থার সঙ্গে আলোচনা করতে পারবেন আপনার পরিস্থিতি সম্পর্কে এবং বিবেচনা করতে পারবেন আপনি সহায়তা সংস্থার গ্রাহক হতে চান কিনা।
**www.ihmiskauppa.fi** – ওয়েবসাইট -এর মাধ্যমে সহায়তা সংস্থার সঙ্গে যোগাযোগ করতে পারবেন পরিচয় না জানিয়ে।
অর্থাৎ আপনার নিরাপত্তা সম্বন্ধে নিশ্চিন্ত হয় আপনি আমাদের সাথে যোগাযোগ করতে পারবেন।

## সহায়তা সংস্থা গোপনীয়তার বাধ্যবাধকতা দ্বারা আবদ্ধ

সহায়তা সংস্থা আপনার সমস্ত তথ্যের গোপনীয়তা রক্ষা করবে।

আপনি ওয়েবসাইটে আপনার ব্যক্তিগত ডেটা প্রক্রিয়াকরণ সম্পর্কে আরও পড়তে পারেন:
**www.ihmiskauppa.fi/myinfo**

- গ্রাহকের তথ্য এবং পরিচয় সহায়তা সংস্থার গ্রাহক রেজিস্টারে রেকর্ড করা থাকবে।
- গ্রাহকের ব্যক্তিগত ডেটা প্রক্রিয়াকরণ সর্বদা আইন দ্বারা নির্ধারিত উপায় করা হয় ।
- সংরক্ষিত ব্যক্তিগত তথ্য গোপন রাখা হয় । যে কর্মচারীরা এই তথ্য নিয়ে কাজ করেন অথবা দেখেন তারা সর্বদা গোপনীয়তার দায়িত্ব দ্বারা আবদ্ধ। শুধুমাত্র সেই কর্মচারীরই এই তথ্য নিয়ে কাজ করতে পারবেন, যাদের এই কাজ করার আইনগত অধিকার আছে।
- রেকর্ড করা নথিগুলি গোপন রাখা হয় এবং দেখার জন্য বা ব্যবহার করার জন্য কোনও বহিরাগতকে দেওয়া হয় না ।
- শুধুমাত্র আপনার সম্মতিতে বা আইন দ্বারা নির্ধারিত কোন কারণে সহায়তা সংস্থা গোপন নথির তথ্য প্রদান করতে পারে।
- আপনার সম্মতি ছাড়া আপনার ব্যক্তিগত তথ্য অন্য দেশে পাঠান হবেনা ।

## মানব পাচারের শিকার ব্যক্তিদের সহায়তা সংস্থার সঙ্গে যোগাযোগের তথ্য :

## ফোন : +৩৫৮ ২৯৫ ৪৬৩১৭৭

### সহায়তা সংস্থার কর্মচারীরা ফোনে উত্তর দেবেন সোম-শুক্র , সকাল ৮- বিকাল ৪:১৫

অন্য সময় ইওতসেনো অভ্যর্থনা কেন্দ্র ।সেখানে আপনি কল ব্যাক করার অনুরোধ রাখতে পারেন অথবা জরুরী সাহায্যের প্রয়োজনের কথা জানাতে পারেন ।

## ই-মেইল : ihmiskauppa.auttamisjarjestelma@migri.fi

**www.ihmiskauppa.fi**

Ihmiskauppa.fi ওয়েবসাইটে আপনি মানব পাচার, সহায়তা সংস্থা এবং মানব পাচারের শিকার ব্যক্তিদের সহায়তা প্রদানকারী সংস্থাগুলি সম্পর্কে তথ্য পেতে পারেন। ওয়েবসাইটের মাধ্যমে, আপনি পরিচয় না জানিয়ে সহায়তা সংস্থার সাথে যোগাযোগ করতে পারেন।